# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১২৭৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০. রুকু-সিজদা এবং উভয়ের মধ্যে যে বাক্য যথেষ্ট তার বর্ণনা

بَابُ ذِكْرِ الرُّكُوعِ وَالسُّجُودِ ، وَمَا يُجْزِئُ فِيهِمَا

### আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، ثَنَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ ، ثَنَا الْعَلَاءُ بْنُ إِسْمَاعِيلَ الْعَطَّارُ ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ ، عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ ، عَنْ أَنَسٍ ، قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَبَّرَ ، حَتَّى حَاذَى بِإِبْهَامَيْهِ أُذُنَيْهِ ، ثُمَّ رَكَعَ حَتَّى اسْتَقَرَّ كُلُّ مِفْصَلٍ مِنْهُ فِي مَوْضِعِهِ ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ حَتَّى اسْتَقَرَّ كُلُّ مِفْصَلٍ مِنْهُ فِي مَوْضِعِهِ ، ثُمَّ انْحَطَّ بِالتَّكْبِيرِ فَسَبَقَتْ رُكْبَتَاهُ يَدَيْهِ . تَفَرَّدَ بِهِ الْعَلَاءُ بْنُ إِسْمَاعِيلَ ، عَنْ حَفْصٍ بِهَذَا الْإِسْنَادِ . وَاللَّهُ أَعْلَمُ

### বাংলা

১২৭৯(৭). ইসমাঈল আস-সাফফার (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি তাকবীর (তাহরীমা) বলার সময় তাঁর উভয় হাতের বৃদ্ধাঙ্গুল দু'টি তাঁর দুই কান বরাবর উপরে উত্তোলন করেন। তারপর তিনি রুকূতে গিয়ে স্থির থাকেন যাবত না প্রতিটি অঙ্গ নিজ স্থানে স্থির হয়ে যায়। তারপর তিনি (রুকূ থেকে) মাথা তুলে স্থির দাঁড়িয়ে থাকেন যাবত না প্রতিটি অঙ্গ সস্থানে স্থির হয়ে যায়। তারপর তাকবীর বলে ঝুঁকে যান এবং মাটিতে দুই হাত রাখার পূর্বে হাঁটুদ্বয় রাখেন।

এই হাদীস কেবল আল-আলা ইবনে ইসমাঈল (রহঃ) একাই হাফস্ (রহঃ) থেকে এই সূত্রে বর্ণনা করেছেন। আল্লাহ সর্বাধিক জ্ঞাত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81068

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন